**ধারা ১০৯। দুষ্কর্মের সহায়তা করা হয়েছে, সহায়তার দরুণ সে কাজ সম্পাদিত হয়ে থাকলে এবং সেক্ষেত্রে দণ্ডদানের কোন স্পষ্ট বিধান না থাকলে অনুরূপ সহায়তার সাজা (Punishment of abetment if the act abetted is committed in consequence and where no express provision is made for its punishment):—**যে অপরাধ সংঘটনে সহায়তা করা হয়েছে, সহায়তার দরুণ যদি সে অপরাধ অনুষ্ঠিত হয় এই আইনে অনুরূপ সহায়তার দণ্ডদানের জন্য যদি কোন স্পষ্ট বিধান না করা হয়ে থাকে, তবে- অনুরূপ সহায়তাকারী যে অপরাধী সংঘটনে সহায়তা করেছে সে অপরাধের জন্য যে দণ্ডের বিধান করা হচ্ছে, অপরাধটি সংঘটনের সহায়তার জন্য তাকেও সে দণ্ডেই দণ্ডিত করা হবে।

**ধারা ১২০খ। অপরাধমূলক ষড়যন্ত্রের সাজা (punishment of criminal conspiracy):—**
(১) কোন ব্যক্তি যদি মৃত্যুদণ্ড, যাবজ্জীবন কারাদণ্ড অথবা দুই বৎসর বা তদূর্ধ্ব মেয়াদের সশ্রম কারাদণ্ডে দণ্ডনীয় অপরাধ সংঘটনের জন্য পরিকল্পিত অপরাধমূলক ষড়যন্ত্রে শরীক হয় এবং যদি এই বিধিতে অনুরূপ ষড়যন্ত্রের সাজা দানের জন্য কোন স্পষ্ট বিধান না থেকে থাকে, তবে- সেই ব্যক্তি অনুরুপ অপরাধ সংঘটনে সহায়তা করলে তাকে যেভাবে সাজা প্রদান করা হত এই ক্ষেত্রেও তাকে সেভাবে সাজা প্রদান করা হবে।

(২) কোন ব্যক্তি যদি উপযুক্ত দণ্ডসমূহের দণ্ডনীয় অপরাধ সংঘটনের জন্য পরিকল্পিত অপরাধমূলক ষড়যন্ত্র ছাড়াই অপর কোনরুপ অপরাধমূলক ষড়যন্ত্রে শরীক হয় তবে- সেই ব্যক্তিকে অনধিক ছয় মাস পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা যাবে অথবা অর্থ দণ্ডে দণ্ডিত করা যাবে অথবা উভয় দণ্ডেই দণ্ডিত করা যাবে।

**ধারা ১৬১। সরকারি কর্মচারী দ্বারা সরকারি কার্যক্রম কার্যব্যাপদেশে আইনসংগত পারিশ্রমিক ছাড়াই অপর কোন পারিতোষিক গ্রহণ করা (Public servant taking gratification other than legal remuneration in respect of an official act):—**

কোন ব্যক্তি যদি সরকারি কর্মচারী হিসেবে অথবা সরকারি কর্মচারী হবে বলে আশা করে কোন সরকারি কাজ করার অথবা করা হতে বিরত থাকার উদ্দেশ্যে বা পুরস্কার হিসেবে, অথবা সরকারি দায়িত্ব সম্পাদনকালে কোন ব্যক্তিকে অনুগ্রহ প্রদর্শন বা নিগ্রহ প্রদর্শন করার জন্য বা করা হতে বিরত থাকার জন্য, অথবা বাংলাদেশের সরকার বা আইনসভা দ্বারা অথবা কোন সরকারি কর্মচারী দ্বারা কোন ব্যক্তির উপকার বা অপকার করার জন্য বা তা করার চেষ্টায় নিজের অথবা অপর কোন ব্যক্তির জন্য কারো নিকট থেকে আইনসম্মত পারিশ্রমিক ছাড়াই অপর যে কোনরূপ পারিতোষিক গ্রহণ করে বা লাভ বা

গ্রহন করতে সম্মত হয় বা লাভ করতে চেষ্টা করে,তবে- উক্ত ব্যক্তি তিন বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ১৬২। অসাধু বা অবৈধ উপায়ে সরকারি কর্মচারীকে প্রভাবিত করার জন্য পারিতোষিক গ্রহণ (Taking gratification in order, by corrupt or illegal means, to influence public servant):—**কোন ব্যক্তি যদি অসাধু বা অবৈধ উপায়ে কোন সরকারি কর্মচারীকে প্ররোচিত্ প্রভাবিত করে উক্ত সরকারি কর্মচারীকে দিয়ে কোন সরকারি কার্য করানোর বা করা হতে বিরত রাখার উদ্দেশ্যে বা পুরস্কার হিসেবে, অথবা সরকারি দায়িত্ব সম্পাদনকালে কোন ব্যক্তিকে অনুগ্রহ প্রদর্শন বা নিগ্রহ প্রদর্শন করানোর জন্য বা করা হতে বিরত রাখার জন্য, অথবা বাংলাদেশের সরকার কিংবা আইনসভা দ্বারা কিংবা কোন সরকারি কর্মচারী দ্বারা কোন উপকার বা অপকার করার জন্য বা তা করানোর চেষ্টায় নিজের অপর কোন ব্যক্তির জন্য কারো নিকট থেকে কোনরূপ পারিতোষিক গ্রহণ করে, বা লাভ করে, বা গ্রহন করতে সম্মত হয়, বা লাভ করতে চেষ্টা করে, তবে- উক্ত ব্যক্তি তিন বৎসর পর্যন্ত যেকোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ১৬৩। সরকারি কর্মচারীর উপর ব্যক্তিগত প্রভাব প্রয়োগের জন্য পারিতোষিক গ্রহণ (Taking gratification for exercise of personal influence with public servant):—**
কোন ব্যক্তি যদি সরকারি কর্মচারীর উপর তার ব্যক্তিগত প্রভাব প্রয়োগ করে উক্ত সরকারি কর্মচারীকে দিয়ে কোন সরকারি কাজ করানোর বা করা হতে বিরত রাখার উদ্দেশ্যে বা পুরস্কার হিসেবে, অথবা সরকারি দায়িত্ব পালনকালে কোন ব্যক্তিকে অনুগ্রহ প্রদর্শন বা নিগ্রহ প্রদর্শন করানোর বা করা হতে বিরত রাখার জন্য, অথবা বাংলাদেশের সরকার বা আইনসভা দ্বারা কিংবা কোন সরকারি কর্মচারী দ্বারা কোন উপকার বা অপকার করানোর জন্য বা তা করানোর চেষ্টায় নিজের অথবা অপর কোন ব্যক্তির জন্য কারো নিকট থেকে কোনরূপ পারিতোষিক গ্রহণ করে, বা লাভ করে, বা গ্রহন করতে সম্মত হয়, বা লাভ করতে চেষ্টা করে, তবে-সে ব্যক্তি এক বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ১৬৪। সরকারি কর্মচারী দ্বারা ১৬২ বা ১৬৩ ধারায় বর্ণিত অপরাধগুলো সংঘটনে সহায়তা করার সাজা (Punishment for abetment by public servant of offences defined in section 162 or 163):—**যে সরকারি কর্মচারীকে জড়িত করে উপরে উল্লেখিত সর্বশেষ দুটি

ধারায় বর্ণিত অপরাধসমূহের কোনটি অনুষ্ঠিত হয়, সে সরকারি কর্মচারী যদি সে অপরাধ সংঘটনে সহায়তা করেন, তবে তিনি তিন বৎসর পর্যন্ত যেকোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ১৬৫ । সরকারি কর্মচারী দ্বারা তার গৃহীত কার্যক্রমের সাথে জড়িত বা তার সম্পাদিত বিষয়ের সাথে জড়িত ব্যক্তির নিকট থেকে মূল্য না দিয়ে মূল্যবান বস্তু লাভ করা (Public servant obtaining valuable thing, without consideration from person concerned in proceeding or business transacted by such public servant):**—যদি কোনো সরকারি কর্মচারী বিনামূল্যে বা যে মূল্য অপর্যাপ্ত বলে তিনি অবগত এমন মূল্যে তার নিজের বা অপর কারো জন্য এমন কোন ব্যক্তির নিকট থেকে কোন মূল্যবান বস্তু গ্রহণ করেন বা আদায় করেন বা গ্রহণ করতে সম্মত হন বা আদায় করতে চেষ্টা করেন, সে ব্যক্তি তার গৃহীত বা সম্পাদিত কার্যক্রমের সাথে অথবা তৎকর্তৃক অচিরে যে কার্যক্রম বিষয় গৃহীত বা সম্পাদিত হবে উহার সাথে সম্পর্কযুক্ত হয়েছে বা হচ্ছে বা হতে পারে বলে তিনি অবগত, অথবা তার বা তিনি যে সরকারি কর্মচারীর অধঃস্তন বেসরকারি কর্মচারীর সরকারি কার্যবলির সাথে জড়িত আছে বলে জানেন, অথবা অনুরূপভাবে জড়িত ব্যক্তির সাথে যে বেক্তি সম্পর্কযুক্ত বা স্বার্থসংশ্লিষ্ট বলে তিনি অবগত, তা হলে তিনি তিন বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ১৬৫ক। ১৬১ ও ১৬৫ ধারায় বর্ণিত অপরাধসমূহে সহায়তার সাজা (Punishment for abetment of offences defined in section 161 and 165):**—কোন ব্যক্তি ১৬১ ধারামতে অথবা ১৬৫ ধারামতে দণ্ডনীয় কোন অপরাধ সংঘটনে সহায়তা করলে অপরাধটির জন্য বিহীত দণ্ডে দণ্ডিত হবে- সহায়তার ফলে অপরাধটি অনুষ্ঠিত হোক বা না হোক তাতে কিছু যায় আসে না।

**ধারা ১৬৫খ। কতিপয় সহায়তাকারীর অব্যাহতি (Certain abettors excepted):**—কোন ব্যক্তি যদি প্রকৃতপক্ষেই প্ররোচিত হয়ে, বাধ্য হয়ে, হুমকির ফলে, বা ভীতি প্রদর্শনের ফলে ১৬৫ ধারায় উল্লেখিত কোন সরকারী কর্মচারীকে ১৬১ ধারায় উল্লেখিত উদ্দেশ্যগুলির অন্যতম উদ্দেশ্যে উক্ত ধারায় উল্লেখিত পারিতোষিক দেওয়ার প্রস্তাব করে বা দেয়, কিংবা বিনামূল্যে বা অপর্যাপ্ত মূল্যের বিনিময়ে কোন মূল্যবান বস্তু দেওয়ার প্রস্তাব করে বা দেয় তবে সে ব্যক্তি ১৬১ ধারা বা ১৬৫ ধারা অনুযায়ী দণ্ডনীয় অপরাধ সংঘটনের সহায়তার দায়ে অপরাধী বলে পরিগণিত হবে না।

**ধারা ১৬৬। সরকারি কর্মচারী কর্তৃক কোন ব্যক্তির ক্ষতিসাধনের উদ্দেশ্যে আইন অমান্য করা (Public servant disobeying law with intent to cause injury to any person):**—কোন ব্যক্তি যদি সরকারি কর্মচারী হয়ে জ্ঞাতসারে আইনে তাকে সরকারি কর্মচারী হিসেবে যেরূপ আচরণের নির্দেশ দেয়া হয়েছে কোন ব্যক্তির ক্ষতিসাধনের উদ্দেশ্যে সেরূপ কোন নির্দেশ অমান্য করেন, অথবা তার এইরূপ অমান্য করার দরুণ কোন ব্যক্তির ক্ষতি হতে পারে বলে জানা সত্ত্বেও সেরুপ কোন নির্দেশ অমান্য করেন, তবে তিনি এক বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ১৬৭। সরকারি কর্মচারী কর্তৃক ক্ষতিসাধনের উদ্দেশ্যে ভ্রান্ত দলিল প্রণয়ন করা (Public servant framing an incorrect document with intent to cause injury):**—

যদি কোন ব্যক্তি সরকারি কর্মচারী হয়ে এবং অনুরূপ সরকারি কর্মচারী হিসেবে কোন দলিল প্রণয়ন বা অনুবাদের ভারপ্রাপ্ত হয়ে অন্য কোন ব্যক্তির ক্ষতিসাধনের উদ্দেশ্যে এমনভাবে দলিলটি প্রণয়ন বা অনুবাদ করেন যা ভুল বলে তিনি জানেন, এইরুপ ভূল দলিল প্রণয়ন বা অনুবাদের ফলে অন্য কোন ব্যক্তির ক্ষতি হতে পারে বলে জানা সত্বেও তা করেন, তবে তিনি তিন বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ১৬৮। সরকারি কর্মচারী কর্তৃক বেআইনিভাবে ব্যবসায় লিপ্ত হওয়া (Public servant unlawfully engaging in trade):**—যদি কোন কর্মচারী সরকারি কর্মচারী হিসেবে ব্যবসায় লিপ্ত না হতে আইনতঃ বাধ্য থাকা সত্বেও ব্যবসায় লিপ্ত হন, তবে তিনি এক বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ১৬৯। সরকারি কর্মচারী কর্তৃক বেআইনিভাবে সম্পত্তি ক্রয় বা ক্রয়ের উদ্দেশ্যে দরকষাকষি (Public servant unlawfully buying or bidding for property):**—যদি কোন সরকারি কর্মচারী হিসেবে কোন বিশেষ সম্পত্তি ক্রয় বা ক্রয়ের জন্য দরকষাকষি না করতে আইনতঃ বাধ্য থাকা সত্ত্বেও নিজের নামে অথবা অন্য কারো নামে অথবা যুক্তভাবে অথবা অন্যান্যের সাথে অংশ নিয়ে উক্ত সম্পত্তি ক্রয় করেন বা ক্রয় করার জন্য দরকষাকষি করেন, তবে তিনি দুই বৎসর পর্যন্ত যে

কোন মেয়াদের বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবেন। এবং সম্পত্তিটি ক্রয় করা হয়ে থাকলে তা বাজেয়াপ্ত হবে।

**ধারা ২১৭। কোন ব্যক্তিকে সাজা হতে বাঁচাবার বা কোন সম্পত্তি বাজেয়াপ্ত হওয়া হতে রক্ষা করার উদ্দেশ্যে সরকারি কর্মচারীদের দ্বারা আইনের নির্দেশ লংঘন করা ( Public servant disobeying direction of law with intent to save person from punishment or property from forfeiture**): —কোন ব্যক্তি যদি সরকারি কর্মচারী হওয়ায় তার আচরণ সম্পর্কে যেরুপ আইনের নির্দেশ রয়েছে, তা জ্ঞাতসারে অমান্য করে এবং অমান্য করার উদ্দেশ্য হয় কোন ব্যক্তিকে সাজা হতে রক্ষা করা বা সে সাজা হতে যাতে রক্ষা পেতে পারে্, জ্ঞাতসারে এইরুপ কাজ করা বা সে যে দণ্ডে দণ্ডণীয় তা অপেক্ষা লঘুদণ্ডে তাকে দণ্ডিত করা, অথবা কোন সম্পত্তি বাজেয়াপ্ত হতে কিংবা আইন অনুসারে কোন দায় হতে রক্ষা করা বা উহা যাতে রক্ষা পেতে পারে জ্ঞাতসারে এইরুপ কাজ করা, তবে সে ব্যক্তি দুই বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ২১৮। কোন ব্যক্তিকে সাজা হতে বাঁচাবার বা কোন সম্পত্তি বাজেয়াপ্ত হওয়া থেকে রক্ষা করার উদ্দেশ্যে সরকারি কর্মচারী দ্বারা ভূল নথি লিপি প্রণয়ন করা (Public servant framing the correct record or writing with intent to save person from punishment for property from  forfeiture**): —কোন ব্যক্তি যদি সরকারি কর্মচারী হওয়া সত্ত্বেও এবং অনুরুপ সরকারি কর্মচারী হিসেবে কোন নথি বা অনুরুপ লিপি প্রণয়নের দায়িত্বসম্পন্ন হওয়া সত্ত্বেও উক্ত নথি বা লিপি এমনভাবে প্রণয়ন করে, যা ভুল বলে সে জানে, এবং তার এইভাবে নথি বা লিপি প্রণয়নের উদ্দেশ্য যদি হয়- জনসাধারণের বা যেকোন ব্যক্তির লোকসান বা ক্ষতিসাধন করা, কিংবা যাতে জনসাধারণের বা যেকোন ব্যক্তির লোকসান বা ক্ষতি সাধিত হতে পারে জানা সত্ত্বেও তদনুরূপ বা কাজের সংঘটন করা, অথবা কোন ব্যক্তিকে আইনের সাজা হতে রক্ষা করা বা কোন ব্যক্তি আইনের সাজা হতে যাতে রক্ষা পেতে পারে বলে সে জানে, তদনুরুপ কাজের সংঘটন করা, অথবা কোন সম্পত্তি বাজেয়াপ্ত হওয়া হতে বা আইনানুসারে কোন দায় হতে রক্ষা করা কিংবা যাতে সম্পত্তিটি বাজেয়াপ্ত হওয়ার হাত হতে বা আইনানুসারে কোন দায় হতে রক্ষা পেতে পারে বলেসে জানে তদানুসারে কাজের সংঘটন করা, তবে সে ব্যক্তি তিন বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ৪০৮। কেরানী বা ভৃত্য দ্বারা অপরাধমূলক বিশ্বাস ভঙ্গ করা (Criminal breach of trust by clerk or servant)ঃ**—কোন ব্যক্তি যদি কেরানী বা ভৃত্য হয়ে অথবা কেরানী বা ভৃত্য হিসেবে নিয়োজিত হয়ে অনুরূপ পদে কোন সম্পত্তির জিম্মাদার বা উহা পরিচালনের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি হিসেবে উহা সম্পর্কে অপরাধমূলক বিশ্বাস ভঙ্গ করে, তবে উক্ত ব্যক্তি সাত বৎসর পর্যন্ত যেকোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হবে এবং অর্থদণ্ডেও দণ্ডণীয় হবে।

**ধারা ৪০৯। সরকারি কর্মচারী কর্তৃক অথবা ব্যাংকার, ব্যবসায়ী বা প্রতিনিধি কর্তৃক অপরাধমূলক বিশ্বাস ভঙ্গ ( Criminal breach of trust by public servant, or by banker, merchant or agent)ঃ**—কোন ব্যক্তি যদি সরকারি কর্মচারী হিসেবে তার পদমর্যাদা বলে অথবা ব্যাংকার, ব্যবসায়, ফ্যাক্টর, দালাল, এটর্নী বা প্রতিনিধি হিসেবে ব্যবসায় সূত্রে কোনভাবে কোন সম্পত্তির জিম্মাদার হয়ে বা উক্ত সম্পত্তির পরিচালনের ভারপ্রাপ্ত হয়ে সে সম্পত্তি সম্পর্কে অপরাধমূলক বিশ্বাস ভঙ্গ করে, তবে উক্ত ব্যক্তি যাবজ্জীবন কারাদণ্ডে অথবা দশ বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হবে এবং তদুরুপ অর্থ দণ্ডেও দণ্ডিত হবে।

**ধারা ৪২০। প্রতারণা ও সম্পত্তি অর্পণ করার জন্য অসাধুভাবে প্রবৃত্ত করা (Cheating and dishonestly inducing delivery of property)ঃ**—কোন ব্যক্তি যদি প্রতারণা করে এবং প্রতারিত ব্যক্তিকে অসাধুভাবে অপর কোন ব্যক্তিকে কোন সম্পত্তি প্রদান প্রবৃত্ত করে অথবা অসাধুভাবে প্রতারিত ব্যক্তিকে কোন মূল্যবান জামানতের সমুদয় অংশ বা অংশবিশেষ প্রণয়ন, পরিবর্তন বা বিনাশ সাধনে প্রবৃত্ত করে অথবা অসাধুভাবে প্রতারিত ব্যক্তিকে এমন কোন স্বাক্ষরিত বা সীল মোহরযুক্ত বস্তুর সমুদয় অংশ বা অংশবিশেষ পরিবর্তন, প্রণয়ন, পরিবর্তন বা বিনাশ সাধনে প্রবৃত্ত করে যা মূল্যবান জামানতে রূপান্তরযোগ্য, তবে উক্ত ব্যক্তি সাত বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হবে এবং তদুপরি অর্থ দণ্ডেও দণ্ডিত হবে।

**ধারা ৪৬২ক। ব্যাংক অফিসার ও কর্মচারীদের অবহেলামুলক আচরণের সাজা (Penalty for negligent conduct of bank officers and employees)ঃ**—কোন ব্যক্তি যদি ব্যাংকিং কোম্পানীর অফিসার কিংবা কর্মচারী হয়ে ব্যাংকিং লেনদেনের সময় তার অবহেলামুলক আচরণের কর্তৃক কোম্পানীর কোন গ্রাহকের বা অপর কোন ব্যক্তিকে কোম্পানীর সম্পত্তির ক্ষতি করতে দেয়,

তবে উক্ত ব্যক্তি দুই বৎসর মেয়াদের যে কোন বর্ণনার কারাদণ্ডে দণ্ডিত হবে কিংবা অর্থ দণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ৪৬২খ। ব্যাংকিং কোম্পানীর সাথে প্রতারণা করার সাজা (Penalty for defrauding banking company):**—ব্যাংকিং লেনদেনের সময় কোন ব্যক্তি যদি প্রতারণামূলকভাবে ব্যাংকিং কোম্পানীর নিকট থেকে কোন সুবিধা গ্রহণ করে, তবে উক্ত ব্যক্তি দুই বৎসর পর্যন্ত যে কোন বর্ণনার কারাদণ্ডে দণ্ডিত হবে, অথবা অর্থ দণ্ডে, অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।

**ধারা ৪৬৬। আদালতের নথি বা সহকারী রেজিস্ট্রার ইত্যাদি জালকরণ (Forgery of record of court or of public register, etc):**—কোন ব্যক্তি যদি এমন একটি দলিল জাল করে যা কোন বিচারালয়ের নথি অথবা প্রসিডিং কিংবা কোনো বিচারালয়ে উত্থাপিত নথি বা প্রসিডিং বলে অথবা কোন জন্ম, খ্রিস্টানদের ধর্মীয় অনুষ্ঠান, বিবাহ কিংবা সমাধিকরণের রেজিস্টার বলে অথবা কোনো সরকারি কর্মচারী কর্তৃক সরকারি কর্মচারী হিসেবে রক্ষিত রেজিস্টার বলে অথবা কোন সরকারি কর্মচারী কর্তৃক সরকারী, কর্মচারী হিসেবে রক্ষিত রেজিস্টার বলে অথবা কোন সরকারি কর্মচারী দ্বারা তাঁর সরকারি, পদমর্যাদা বলে কৃত সার্টিফিকেট বা দলিল বলে, অথবা কোন মামলা দায়ের করার বা উহাতে পক্ষ সমর্থনের কিংবা উহাতে কোন কার্যক্রম গ্রহণের রায় মানার কিংবা পাওয়ার অফ এটর্নি বলে প্রতিভাত হয়, তবে উক্ত ব্যক্তি সাত বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম কিংবা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হবে এবং তদুপরি অর্থ দণ্ডেও দণ্ডিত হবে।

**ধারা ৪৬৭ মূল্যবান জামানত, উইল ইত্যাদি জালকরণ (Forgery of valuable security, will, etc):**—কোন ব্যক্তি যদি এমন দলিল জাল করে যা একটি মূল্যবান জামানত কিংবা একটি উইল কিংবা কোন পোষ্যপুত্র গ্রহণের ক্ষমতাপ্রাপ্ত দলে প্রতিভাত হয়, অথবা যাতে কোন ব্যক্তিকে কোন মূল্যবান জামানত সম্পাদনের অথবা হস্তান্তরের কিংবা উহার উপরে আসল, সুদ বা লভ্যাংশ গ্রহণের, কিংবা কোন অর্থ, অস্থাবর সম্পত্তি, বা মূল্যবান জামানত গ্রহণের বা প্রদানের ক্ষমতা অর্পণ করা হয়েছে বলে প্রতিভাত হয়, অথবা তা এমন একটি দলিল বলে প্রতিভাত হয়, যা অর্থ পরিশোধের পূর্ণপ্রাপ্ত রশিদ বা সীকৃতি রশিদ কিংবা অস্থাবর সম্পত্তি বা মূল্যবান জামানতের পূর্ণ প্রাপ্তি রশিদ বা হস্তান্তর রশিদ বলে পরিগণিত দলিল, তবে উক্ত ব্যক্তি যাবজ্জীবন কারাদণ্ডে, অথবা দশ বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হবে, এবং তদুপরি অর্থদণ্ডে দণ্ডিত হবে।

**ধারা ৪৬৮। প্রতারণা করার উদ্দেশ্যে জালিয়াতি (Forgery for purpose of cheating):—** কোন ব্যক্তি যদি প্রতারণা করার উদ্দেশ্যে জাল দলিল ব্যবহারকল্পে জালিয়াতি করে, তবে উক্ত ব্যক্তি সাত বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম  বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হবে এবং তদুপরি অর্থ দণ্ডেও দণ্ডিত হবে।

**ধারা ৪৬৯। মানহানি করার উদ্দেশে জালিয়াতি (Forgery for purpose of harming reputation): —**কোন ব্যক্তি যদি জাল দলিল কর্তৃক কারো মানহানি করার উদ্দেশ্যে জালিয়াতি করে, অথবা জাল দলিলটি তমুদ্দেশ্যে ব্যবহৃত হতে পারে বলে জানা সত্ত্বেও জালিয়াতি করে, তবে উক্ত ব্যক্তি তিন বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম  বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হবে।

**ধারা ৪৭১। কোন জাল দলিলকে খাঁটি হিসেবে ব্যবহার করা (Using as genuine a forged document):—**কোন ব্যক্তি যদি প্রতারণামূলকভাবে বা অসাধুভাবে এমন একটি দলিলকে খাঁটি দলিল হিসেবে ব্যবহার করে, যে দলিলটি একটি জাল দলিল বলে সে জানে বা তার বিশ্বাস করার কারণ রয়েছে, তবে সে ব্যক্তি যেন সে নিজে দলিলটি জাল করেছে, এমনভাবে দণ্ডিত হবে।

**ধারা ৪৭৭ক। হিসাবপত্রসমূহে মিথ্যা বর্ণনা প্রদান (Falsification of accounts):—**কোন ব্যক্তি যদি কর্মচারী, কর্মকর্তা বা চাকর হয়ে অথবা কর্মচারী, কর্মকর্তা বা চাকরের পদে নিযুক্ত বা কাজ নির্বাহক হয়ে নিয়োগকর্তার স্বত্বাধীন বা তার নিয়োগকর্তার দখলভূক্ত বা নিয়োগ কর্তার স্বপক্ষে তৎকর্তৃক প্রাপ্ত কোন বহি, কাগজ, লেখা, মূল্যবান জামানত বা হিসাবপত্র ইচ্ছাকৃতভাবে ও প্রবঞ্চনার উদ্দেশ্যে বিনষ্ট করে, পরিবর্তন করে, বিকৃত করে বা মিথ্যা বিবরণ সম্বলিত করে, অথবা ইচ্ছাকৃতভাবে ও প্রবঞ্চনার উদ্দেশ্যে অনুরূপ কোন বহি, কাগজ, লেখা, মূল্যবান জামানত বা  হিসাবপত্রে কোন মিথ্যা কথা লিপিবদ্ধ করে বা তা করার ব্যাপারে সাহায্য করে কিংবা অনুরূপ বহি, কাগজ লেখা, মূল্যবান জামানত বা হিসাবপত্র বা তৎসমুদয় হতে কোন গুরুত্বপূর্ণ বিষয় বাদ দেয় বা পরিবর্তন করে কিংবা বাদ দেয়ার বা পরিবর্তন করার কার্য্যে সাহায্য করে, তবে উক্ত ব্যক্তি সাত বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডিত হবে।

**ধারা ৫১১। যাবজ্জীবন কারাদণ্ডে বা কারাদণ্ডে দণ্ডনীয় অপরাধ সংঘটনের উদ্যোগের সাজা (Punishment for attemping to commit offences punishable with imprisonment for life or imprisonment)ঃ**—কোন ব্যক্তি যদি এই বিধি বলে যাবজ্জীবন কারাদণ্ডে অথবা কারাদণ্ডে দণ্ডনীয় কোন অপরাধ সংঘটন করার অথবা অনুরূপ কোন অপরাধ সংঘটন করানোর উদ্যোগ করে এবং অনুরূপ উদ্যোগের মাধ্যমে অপরাধটি সংঘটনের উদ্দেশ্যে কোন কাজ করে, তবে সেক্ষেত্রে অনুরুপ উদ্যোগের সাজার জন্য এই বিধিতে কোন প্রকাশ্য বিধান করা হয় নাই, সেক্ষেত্রে সে ব্যক্তি অপরাধটির জন্য সে ধরনের অপরাধের জন্য বিহিত দণ্ডের দীর্ঘতম মেয়াদের অর্ধেক পর্যন্ত যে কোন মেয়াদের যাবজ্জীবন কারাদণ্ডে বা সে অপরাধের জন্য যে অর্থ দণ্ডেও বিধান করা হয়েছে সে অর্থ দণ্ডে অথবা উভয়বিধ দণ্ডেই দণ্ডিত হবে।